ঝিনাইদহে পৃথক স্থান থেকে দুই ব্যক্তির লাশ উদ্ধার

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার ১নং সুন্দরপুর দুর্গাপুর ইউনিয়নের কাদিরকোল গ্রামের একটি পুকুর থেকে রূপকুমার (৫০) ও সদর উপজেলার চণ্ডিপুর গ্রাম থেকে আমির হোসেন (৫০) নামে দুই ব্যক্তির মৃতদেহ উদ্ধার করে পুলিশ।

মঙ্গলবার সকালে লাশ দুইটি উদ্ধার করা হয়। রূপকুমার দত্ত পাশ্ববর্তী কোটচাঁদপুর উপজেলার ফাজিলপুর বাজারপাড়া এলাকার কেষ্ট দত্তের ছেলে। অন্যদিকে আমির হোসেন চণ্ডিপুর গ্রামের মশকত আলীর ছেলে।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ মাহাবুবুল আলম জানান গত রোববার রাত থেকে রূপকুমার দত্ত নিখোঁজ ছিল। মঙ্গলবার সকালে কাদিরকোল গ্রামের ইজ্জত আলী বিশ্বাসের পুকুরে তার মৃতদেহ দেখতে পেয়ে পুলিশকে খবর দেয়।

খবর পেয়ে কোটচাঁদপুর থানা পুলিশ লাশ উদ্ধার করে। ময়না তদন্ত শেষে রুপকুমারের মৃত্যুর কারণ জানা যাবে বলে ওসি জানান।

এদিকে ঝিনাইদহ সদরের বেতাই পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই সিরাজুল আলম জানান, মঙ্গলবার সকালে চণ্ডিপুরের জালাল মুন্সির ঝাল ক্ষেত থেকে আমির হোসেনের লাশ উদ্ধার করে পুলিশ।

তিনি পারিবারিক ঝামেলার কারণে আত্মহত্যা করতে পারেন বলে পুলিশ প্রাথমিকভাবে ধারণা করছে।

তবে গ্রামবাসির একটি সূত্র জানায় দুই দিন আগে আমিরের ছেলে ও এলাকার কিছু মানুষ তাকে লাঞ্চিত করে।

এ বিষয়ে তিনি ঝিনাইদহ সদর সার্কেলের সহকারী পুলিশ সুপার আবুল বাশারের কাছে মৌখিক অভিযোগ করেন।

পুলিশ বিষয়টি তদন্ত করাকালে আমিরের মৃত্যু রহস্যজনক বলে গ্রামবাসি মনে করছেন।

ঝিনাইদহের হলিধানী ইউনিয়ন আওয়ামী লীগের কর্মীসভা অনুষ্ঠিত

ঝিনাইদহ সদর উপজেলার হলিধানী ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকালে হলিধানী বাজারে এ কর্মী সভা অনুষ্ঠিত হয়।

হলিধানী ইউনিয়ন আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি হাজী হাসেম আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌর মেয়র সাইদুল করিম মিন্টু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাসুদ আহমেদ সঞ্জু, ধর্ম বিষয়ক সম্পাদক আনিছুর রহমান খোকা, উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক জে এম রশীদুল আলম, প্রচার সম্পাদক মঞ্জুর পারভেজ তুষার, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, জেলা আওয়ামী লীগের উপ-দপ্তর সম্পাদক ও হরিণাকুণ্ডু উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, জেলা সেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক সরোয়ার জাহান বাদশা, থানা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আসলাম হোসেন।

এছাড়াও উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা পরিষদের সদস্য আশরাফুল আলম, জেলা ছাত্রলীগের সভাপতি রানা হামিদ, থানা সে¦চ্ছাসেবক লীগের সাংগঠনিক সম্পাদক ইদ্রিস আলী প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতে প্রধান অতিথি সাইদুল করিম মিন্টু, হলিধানী ইউনিয়ন আওয়ামী লীগের প্রয়াত নেতা কর্মীদের স্বরণ করে এক মিনিট নিরবতা পালন করেন।

উক্ত অনুষ্ঠানটি পরিচালনা করেন হলিধানী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজিজুল হক মাস্টার।

সভায় প্রধান অতিথি কর্মীদের উদ্দেশ্যে বিভিন্ন দিক নির্দেশনা

মূলক বক্তব্য রাখেন এবং আগামী ইউপি নির্বাচনে নৌকা মার্কাকে বিজয়ী করার লক্ষ্যে তৃনমূল নেতাকর্মীদের ঐক্যবদ্ধ ভাবে কাজ করার আহবান জানান।

ঝিনাইদহে ৩ দিন ব্যাপী বিজ্ঞান মেলা’র উদ্বোধন

ঝিনাইদহে মুজিববর্ষ উপলক্ষে ৪১তম জাতীয় বিজ্ঞান মেলা ও বিজ্ঞান অলিম্পিয়াড এর উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার বিকেলে ঝিনাইদহ শহরের ফজর আলী স্কুল এন্ড কলেজ প্রাঙ্গণে জেলা প্রশাসন ও শিক্ষা অফিস এ মেলার আয়োজন করে। জেলা প্রশাসক সরোজ কুমার নাথ ফিতা কেটে ও বেলুন উড়িয়ে এ মেলার উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার বদরুদ্দোজা শুভ, জেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) তসলিমা খাতুন, সরকারি উচ্চ বালক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শফিয়ার রহমান।

অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন জেলা শিক্ষা অফিসের সহকারি পরিদর্শক মোজাফফর হোসেন পলাশ।

মেলাই ৬ টি উপজেলার ৩ টি গ্রুপে ৫৪ টি প্রজেক্টে ১শত জন শিক্ষার্থী অংশ নেয়। মঙ্গলবার থেকে শুরু হওয়া এ মেলা চলবে আগামী বৃহস্পতিবার পর্যন্ত।

ঝিনাইদহে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলায় বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে উপজেলা বি এন পি’র কার্যালয়ে উপজেলা যুবদলের আহবায়ক আব্দুস সামাদ এর সভাপতিত্বে ও পৌর যুবদলের আহবায়ক হারুন অর রশিদ এর সঞ্চালনায় আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সাবেক উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক মোঃ আমিরুল ইসলাম।

এছাড়া বিশেষ অতিথি হিসেবে পৌর স্বেচ্ছাসেবক দলের সভাপতি আলমগীর কবির, সাবেক উপজেলা ছাত্রদলের সভাপতি খাইরুল ইসলাম, সাবেক উপজেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক আক্তারুজ্জামান,

উপজেলা যুবদলের যুগ্ম-আহবায়ক মুকুল হোসেন, আবু হাসান, সোহেল রানা, রানা হোসেন, পৌর যুবদলের যুগ্ম-আহবায়ক বাপ্পী মন্ডলসহ অন্যান্য নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। আলোচনা শেষে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

কালীগঞ্জে পুকুরে ধরা পড়ল দুর্লভ প্রজাতির মাছ

ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভাধীন আড়পাড়া দারুল কোরআন হাফেজিয়া মাদরাসার পুকুরে ধরা পড়েছে দুর্লভ প্রজাতির একটি মাছ।

মাদরাসার হাফেজ মাহফুজুর রহমান মঙ্গলবার সকালে মাদরাসার পুকুরে জাল দিয়ে মাছ ধরার সময় দেশীয় মাছের সাথে এই মাছটি উঠে আসে। এরপর সংবাদ পেয়ে বিভিন্ন এলাকা থেকে উৎসুক শত শত জনতা এক নজর মাছটি দেখার জন্য ভিড় জমায়। মাছটির মাথার অংশ দেখেতে অনেকটা দেশীয় টেপা

মাছের মতো এবং শৈল মাছের মতো লম্বা। মাছের সমস্ত শরীরে ডোরাকাটা দাগ ও সাদা-কালো ফোটায় পরিপূর্ণ।

হাফেজ মাহফুজুর রহমান জানান, মাছ ধরার সময় এই অপরিচিত মাছটি আমার জালে ধরা পড়ে। আমি এ ধরনের মাছ আগে কখনো দেখিনি। এলাকার অনেক লোক মাছটি দেখতে আসছে কিন্তু কেউ এর আগে কখনো এ ধরনের মাছ দেখেছে বলে জানা যায়নি। এই মাছটি খুই শান্ত প্রকৃতির। মাছটির নাম সাকার ফিশ। তবে এ প্রজাতির মাছ ঝিনাইদহ অঞ্চলের নদীতে বা অন্য জলাশয়ে আরো আছে।

অনলাইন ভিত্তিক তথ্য ভাণ্ডার উইকিপিডিয়া থেকে জানা গেছে, এই মাছটির নাম হলো সুইপার ফিস। এদের বসবাস পশ্চিম আটলান্টিক মহাসাগর এবং ইন্দো প্যাসিফিক মহাসাগরে। এছাড়া এ প্রজাতির মাছের বসবাস দেখা যায় জাপান ও অস্ট্রেলিয়ার আশপাশের এলাকায়।

কালীগঞ্জে ফুটবল টুর্নামেন্ট নিয়ে সংবাদ সম্মেলন

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলায় চাপালী যুব সংঘের আয়োজনে মরহুম নূর আলী মন্ডল স্মৃতি ফুটবল টুর্নামেন্টের আয়োজন নিয়ে সংবাদ সম্মেলন করা হয়েছে।

মঙ্গলবার বিকাল ৪ টায় চাপালী যুব সংঘের নিজস্ব কার্যালয়ে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে চাপালী যুব সংঘের সভাপতি আজাদ রহমান জানান, ২৮ অক্টোবর থেকে চাপালী ফুটবল মাঠে মরহুম নূর আলী মন্ডল স্মৃতি ফুটবল টুর্নামেন্ট-২০২০ এর উদ্বোধন ও ১ম খেলা অনুষ্ঠিত হবে। আগামী ১৮ নভেম্বর এ টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে। এ টুর্নামেন্টে ৮টি দল অংশগ্রহণ করবে।

দলগুলো হলো- মাগুরার একতা স্পোর্টিং ক্লাব, কোটচাঁদপুর পৌর ফুটবল একাদশ, ঝিনাইদহের হামদহ ফুটবল একাদশ, কালীগঞ্জের বেজপাড়া

ফুটবল একাদশ, শিমলা-রোকনপুর ফুটবল একাদশ, গান্না ফুটবল একাদশ, কালীগঞ্জ ফুটবল একাডেমি ও খালিশপুরের বীরশ্রেষ্ঠ শহীদ হামিদুর রহমান ফুটবল একাদশ।

তিনি আরো জানান, ইতোমধ্যে টুর্নামেন্টের সকল আয়োজন সম্পন্ন হয়েছে। প্রতি খেলায় সেরা খেলোয়াড়ের পুরষ্কার প্রদান করা হবে। টুর্নামেন্টের চ্যাম্পিয়ন ও রানার্স আপ দলকে প্রাইজমানি প্রদান করা হবে।

কোটচাঁদপুরে মালবাহী দুটি ট্রেনের মুখোমুখি সংঘর্ষ, ১০ ঘন্টা পর ট্রেন চলাচল স্বাভাবিক

ঝিনাইদহের কোটচাঁদপুরের সাফদারপুর রেল স্টেশনে মালবাহী দুটি ট্রেনের মুখোমুখি সংঘর্ষ হয়েছে। এতে ইঞ্জিনসহ ৫ টি তেলবাহী ওয়াগন লাইনচ্যুত হয়।

গত মঙ্গলবার রাত দুইটার দিকে উপজেলার সাফদারপুর ট্রেন স্টেশনে এ দূর্ঘটনা ঘটে। এ ঘটনায় খুলনার সঙ্গে সারাদেশের রেল যোগাযোগ বিছিন্ন হয়ে যায়।

সাফদাপুর রেলস্টেশন মাষ্টার গোলাম মোস্তফা জানান, রাত পৌনে ২টার দিকে দর্শনা থেকে ছেড়ে আসা নওয়াপাড়া গামী পাথর বোঝায় একটি মালবাহী ট্রেন সাফদাপুর রেল স্টেশনে অবস্থান করছিল। এসময় বিপরীত দিক খুলনা থেকে ছেড়ে আসা পার্বতীপুর গামী কেপি ২১ আর ট্রেনটি আউটার হুম সীগনাল অমান্য করে লুক লাইনে প্রবেশ করে। এবং স্টেশনে থাকা মালবাহী ট্রেনের সঙ্গে সংঘর্ষ হয়। এঘটনায় হতাহতের কোন ঘটনা না ঘটলেও একটি ট্রেনের ব্যাপক ক্ষয়ক্ষতি ও বিপুল পরিমাণ তেল মাটিতে পড়ে যায়।

রেলের পশ্চিমাঞ্চলের প্রধান পরিবহণ কর্মকর্তা শহিদুল ইসলাম জানান, সকাল ৬ টার দিকে ঈশ্বরদি থেকে রিলিফ ট্রেন এসে উদ্ধার কাজ শুরু করে। প্রায় সাড়ে ৬ ঘন্টা উদ্ধার কাজ শেষে প্রধান লাইন মেরামত ও লাইনচ্যুত হওয়া ওয়াগন উদ্ধারের পরে দীর্ঘ ১০ ঘন্টা পর সকাল ১১ টায় ট্রেন চলাচল স্বাভাবিক হয়।

এ ঘটনায় খুলনা থেকে পার্বতীপুর গামী কেপি ২১ আর ট্রেনের চালক আনিছুর রহমানকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। গঠন করা হয়েছে ৫ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি।

এদিকে ঘটনাস্থল পরিদর্শন করেছেন স্থানীয় সংসদ সদস্য ও রেল মন্ত্রনালয়ের সংসদীয় স্থায়ী কমিটির সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল, অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মোহাইমিনুল ইসলাম, কোটচাঁদপুর উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী সহ রেলের উর্দ্ধতন কর্মকর্তারা।

বলিদাপাড়া মাদ্রাসায় ভবন ও গবেষণা গ্রন্থ প্রদান করলেন স্বামী-স্ত্রী

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার আল জামিয়াতুল ইসলামিয়া ক্কাসেমুল উলুম বলিদাপাড়া কওমি মাদ্রাসায় ভবন ও গবেষণা গ্রন্থ প্রদান করলেন স্বামী-স্ত্রী।

গতকাল সোমবার দাওরায়ে হাদিস বিভাগের সম্প্রসারণ ও উচ্চতর গবেষণার লক্ষ্যে এল জি ই ডি এর সাবেক ইঞ্জিনিয়ার ও সমাজসেবক রওশন কবির চারতলা ভবন বানিয়ে দেন মাদ্রাসাকে।

সেই সাথে তার সহধর্মিনী ড. শাহেনারা বেগম ও তার দুই বন্ধু মিলে প্রায় তিন লক্ষাধিক টাকার গবেষণা গ্রন্থ মাদ্রাসার লাইব্রেরি ও দাওরায়ে হাদিস বিভাগকে প্রদান করেন।

সোমবার সকাল ১১ টায় মাদ্রাসার সভাকক্ষে শাহেনারা বেগম গবেষণা গ্রন্থ গুলো মাদ্রাসার মোহতামিম মাওলানা আব্দুল গনির নিকট হস্তান্তর করেন।

এসময় হস্তান্তর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঝিনাইদহ চার আসনের সাংসদ আনোয়ারুল আজীম আনার, মাদ্রাসার সাধারণ সম্পাদক লুৎফর রহমান, কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম, প্রবীণ হিতৈষী সংঘের সভাপতি আনসার আলী, সেলিম রেজা, আনোয়ার হোসেন, মাওলানা ফারুক নোমানী, ইয়ুথ এগেইনস্ট হাঙ্গারের সাবেক প্রেসিডেন্ট আবদুল্লাহ আল কাইয়ুম কাফি, ব্লাড ব্যাংক অব কালীগঞ্জের সাধারণ সম্পাদক আশিক এলাহি সহ কালীগঞ্জের গণ্যমান্য ব্যক্তিবর্গ।

এসময় শাহেনারা বেগম বলেন, গ্রন্থ গুলো তিনি মিশর, সৌদিসহ বিভিন্ন দেশ থেকে সংগ্রহ করেন এবং আরও কিছু গ্রন্থ সংগ্রহ করার প্রক্রিয়া চলছে।

আনোয়ারুল আজীম আনার বলেন, মাননীয় প্রধানমন্ত্রী কওমি শিক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়েছেন, দাওরায়ে হাদীসকে মাস্টার্স এর মর্যদা দিয়েছেন, তিনি মাদ্রাসা কে সার্বিক সহযোগিতা করবেন বলে আশ্বাস দেন।

কালীগঞ্জে শতাধিক বিএনপি কর্মীর আওয়ামী লীগে যোগদান

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার কোলা ইউপির দামোদরপুর গ্রামের শতাধিক বিএনপি কর্মী আওয়ামী লীগে যোগদান করেছে।

রবিবার রাতে এক আড়ম্বর পূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে তারা ঝিনাইদহ চার আসনের সাংসদ আনোয়ারুল আজীম আনার এর হাতে ফুল দিয়ে আওয়ামী লীগে যোগদান করেন। যোগদান কারীদের ভিতর অন্যতম ছিলেন দামেদরপুর ৮ নং ওয়ার্ডের মজিদ সরদার, চৌধুরী মিয়া, দেলোয়ার চৌধুরী, মোতালেব মিয়া, আতিয়ার রহমান, সবুজ হোসেন প্রমুখ।

এসময় অতিথিরা তাদের সাদরে আওয়ামী লীগে বরণ করে নেন, অতীত দ্বন্দ্ব ভুলে কাঁধে কাঁধ মিলিয়ে বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ে তোলার লক্ষে ঐক্যবদ্ধ হওয়ার অঙ্গীকার ব্যক্ত করেন।

এসময় উপস্থিত ছিলেন, কালীগঞ্জ উপজেলা ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী সহ স্থানীয় আওয়ামী লীগ নেতা কর্মীরা। যোগদানকৃত কর্মীরা আনোয়ারুল আজীম আনারকে “উন্নয়নের দার্শনিক রাজা ” উপাধি দিয়ে বাহবা দেন।

ঝিনাইদহে সিঁদুর খেলার মধ্যদিয়ে শেষ হলো শারদীয় দুর্গোৎসব

সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় উৎসব শারদীয় দুর্গোৎসবে দেবী দুর্গার বিসর্জনের আগে সিঁদুর খেলায় মেতেছিল সনাতন ধর্মের রমনীরা।

সোমবার দুপুরের দিকে ঝিনাইদহ শহরের বারোয়ারি পূজা মন্দির, কালীতলা পূজা মন্দির, চাকলা পাড়া পূজা মন্দিরসহ জেলার বিভিন্ন মণ্ডপে মণ্ডপে চলে সিঁদুর কোটা যাত্রা, সিঁদুর খেলা।

সকালে পূর্জা অর্চনার পর দেওয়া হয় পুষ্পাঞ্জলি। এরপরই হিন্দু বিবাহিত নারীরা দেবীর পায়ে লাল টকটকে সিঁদুর নিবেদন করেন। পের সেই সিঁদুর একে অপরকে লাগিয়ে আগামী দিনের জন্য শুভ কামনা প্রার্থনা করেন।

শহরের বারোয়ারি পূজা মন্দিরে আসা পলি রানি মন্ডল নামের এক ভক্ত জানান, সিঁদুর কোটা যাত্রা, সিঁদুর খেলা’র মাধ্যমে নারীরা স্বামী ও সন্তানের দীর্ঘায়ু কামনা করেন।

পূজারীরা জানান, এ বছর জেলার ৬ উপজেলায় ৪০৩ টি মণ্ডপে দুর্গাপূজা অনুষ্ঠিত হয়েছে। দুপুরের পর দেবী বিসর্জনের মাধ্যমে শেষ হয় উৎসব। বিসর্জনের মধ্য দিয়ে ধরিত্রী থেকে স্বামীগৃহে ফেরেন দুর্গতি

নাশিনী দুর্গা।

মহামারী করোনা ভাইরাস থেকে বিশ্ববাসিদের মুক্তি আর দুষ্টের দমন ও সৃষ্টের কল্যাণ করবেন তিনি এমনটি আশা করেন তারা।